এইচএসসি বোর্ড পরীক্ষার প্রশ্নপত্র ২০১৭

বরিশাল বোর্ড – ২০১৭

বিষয় কোড | ২ | ৫ | ৪ |

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র (সৃজনশীল)

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট **পূর্ণমান—৭০**

[বি. দ্র. ডান পার্শ্বস্থ সংখ্যাগুলো প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ক-বিভাগের ২টি এবং খ-বিভাগ হতে যেকোনো ৫টি সহ সর্বমোট ৭টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের পূর্ণমান ১০।)

ক– বিভাগ

১। মুক্তি পরিবহন লিঃ এর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখের রেওয়ামিল নিম্নরূপ ছিলঃ

মুক্তি পরিবহন লিমিটেড

রেওয়ামিল, ৩১ শে ডিসেম্বর, ২০১৬

হিসাব শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
সেবা আয়		৭,৫০,০০০
শেয়ার মূলধন (প্রতিটি ১০ টাকা মূল্যের ৯০,০০০ সাধারণ শেয়ার) পূর্ণ পরিশোধিত		৯,০০,০০০
অনুপার্জিত সেবা আয়		৬০,০০০
প্রদেয় মজুরি		৮০,০০০
অফিস সাপ্লাইজ	১,৮০,০০০	
মোটর গাড়ি - পুঞ্জীভুত অবচয় মোটর গাড়ি	৮,০০,০০০	৬০,০০০
অফিস সরঞ্জাম - পুঞ্জীভুত অবচয় অফিস সরঞ্জাম	৪,০০,০০০	২০,০০০
স্পেয়ার পার্টস	৩,০০,০০০	
উপযোগ ব্যয়	১০,০০০	
আয়কর	২০,০০০	
অগ্রিম বিমা	৮০,০০০	
১২% বিনিয়োগ (১.৭.২০১৫ইং)	২,০০,০০০	
সংরক্ষিত আয়		১,২০,০০০
	১৯,৯০,০০০	১৯,৯০,০০০

সমন্বয়সমূহ ঃ (১) স্পেয়ার পার্টস ১,৬০,০০০ টাকা ও অফিস সাপ্লাইজ ১,০০,০০০ টাকা চলতি বছর ব্যবহার করা হয়েছে (২) বছর শেষে অগ্রিম বিমার পরিমাণ ৩০,০০০ টাকা। (৩) অনুপার্জিত আয় ৪০,০০০ টাকা অর্জিত হয়েছে। (৪) মোটর গাড়ি ও অফিস সরঞ্জামের উপর বার্ষিক ১০% অবচয় ধার্য করা আবশ্যক। (৫) শেয়ার মূলধনের উপর ৫% হারে লভ্যাংশ ঘোষণা করা হয়। (৬) আয়করের জন্য ২৫,০০০ টাকা সঞ্চিতির ব্যবস্থা কর।

ক) ২ ও ৩ নং সমন্বয় দফা দু'টির জন্য সমন্বয় দাখিলা দাও।

খ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত কর।

গ) ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির রক্ষিত আয় বিবরনী প্রস্তুত কর।

উত্তর : (খ) করবাদ নিট মুনাফা ৩,৪৯,০০০ টাকা। (গ) ৪,০৪,০০০ টাকা।

২। ঝলক লিঃ অনুমোদিত মূলধন প্রতিটি ১০ টাকা মূল্যের ২, ৫০,০০০ সাধারণ শেয়ারে বিভক্ত। ২৫,০০,০০০ টাকা। ৩১ ডিসেম্বর,২০১৬ তারিখে কোম্পানির রেওয়ামিল ও অন্যান্য তথ্যাদি নিম্নে সন্নিবেশিত হল :

ঝলক লিমিটেড

রেওয়ামিল, ৩১ ডিসেম্বর, ২০১৬

হিসাবের শিরোনাম	ডেবিট টাকা	ক্রেডিট টাকা
ব্যাংকে জমা	৭৫,০০০	
প্রাপ্য হিসাব ও প্রদেয় হিসাব	৩,৭৫,০০০	১,৩৮,০০০
প্রারম্ভিক মজুদ	১,৪২,৫০০	
ড্রইং অফিসের বেতন	৬৯,৯০০	
ক্রয় এবং বিক্রয়	৫,৪০,০০০	১১,২৪,৪০০
উৎপাদন মজুরি	১,৬৮,০০০	
অফিস ব্যয়	১,৪৪,০০০	
পরিচালকদের বেতন	১,০৮,০০০	
রক্ষিত আয়		১,৫০,০০০
শেয়ার মূলধন		১৮,০০,০০০
১০% ঋণপত্র (১.৯.২০১৬)		৩,৬০,০০০
১২% লগ্নি (১.৪.০১৬)	৪,৫০,০০০	
সাধারণ সঞ্চিতি তহবিল		৪,৫০,০০০
দালানকোঠা	৮,০০,০০০	
সুনাম	৪,০০,০০০	
কলকব্জা	৭,৫০,০০০	
	৪০,২২,৪০০	৪০,২২,৪০০

অতিরিক্ত তথ্যাবলিঃ (১) সমাপনি মজুদ পণ্য ৯৭,৫০০ টাকা মূল্যায়ণ করা হয়েছে। (২) শেয়ার মূলধনের ৫% লভ্যাংশ ঘোষণা করা হয়। (৩) নিট শেয়ারের ২৫% হারে আয়কর প্রদেয়। (৪) কলকব্জার উপর ৫% অবচয় ধার্য কর। সুনামের ২০% অবলোপন কর। (৫) দেউলিয়া ঘোষিত একজন খরিদ্দারের নিকট পাওনা ১৫,০০০ টাকার ৫০% পাওয়া যাবে না, যা এখনও হিসাবভুক্ত করা হয়নি। নিট প্রাপ্য হিসাবের ৫% অনাদায়ী পাওনা সঞ্চিতির ব্যবস্থা কর। (৬) অলিখিত বিক্রয় ৩০,০০০ টাকা।

(ক) বৎসর শেষে নিট দেনাদারের পরিমাণ নির্ণয় কর।

(খ) ৩১-১২-২০১৬ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আয় বিবরণী প্রস্তুত কর।

(গ) ৩১-১২-২০১৬ তারিখে সমাপ্ত বছরের জন্য কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) ৩,৭৮,৯২৯ টাকা। (খ) নিট ক্ষতি ৩৫,৫৭১ টাকা। (গ) ২৮,৭৪,৪২৯ টাকা।

খ – বিভাগ

৩। নব জাগরণ ক্লাবের ৩১ ডিসেম্বর,২০১৬ তারিখে প্রস্তুতকৃত প্রাপ্তি ও প্রদান হিসাব এবং অন্যান্য তথ্যবলি নিম্নে সন্নিবেশিত হলঃ

প্রাপ্তি ও প্রদান হিসাব
৩১ ডিসেম্বর,২০১৬

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
নগদ তহবিল	১০,০০০	বেতন ও ভাতাদি	৩৬,০০০
অনুদান	২০,০০০	বৈদ্যুতিক খরচ	৮,০০০
চাঁদা (৮০%)	৮০,০০০	বৈদ্যুতিক সংস্থাপন ব্যয়	৪৫,০০০
খাদ্য দ্রব্য ও পানীয়	৬০,০০০	ভাড়া ব্যয় (৪/৫ অংশ)	২০,০০০
পুরাতন আসবাবপত্র বিক্রয় (১.১.১৬		আসবাবপত্র ক্রয়	২০,০০০
তারিখে পুস্তক মূল্য ৪,৫০০ টাকা)	৫,০০০	প্রধান মন্ত্রীর ত্রাণ তহবিলে দান	২০,০০০
বিচিত্রানুষ্ঠানের টিকিট বিক্রয়	৪০,০০০	খাদ্য দ্রব্য ও পানীয় ক্রয়	৪০,০০০
		বিচিত্রানুষ্ঠানের ব্যয়	১৮,০০০
		সমাপনি নগদ তহবিল	৮,০০০
	২,১৫,০০০		২,১৫,০০০

সমন্বয়সমূহঃ (১) ১ জানুয়ারি,২০১৬ তারিখে ক্লাবের দায় ও সম্পত্তিসমূহ ছিলঃ দালান ২,৪০,০০০ টাকা, আসবাবপত্র ৫০,০০০ টাকা, দরিদ্র কল্যাণ তহবিল ৩০,০০০ টাকা। (২) খাদ্য দ্রব্য ও পানীয় মজুদ ছিল ৩১,১২,২০১৫ তারিখে ৮,০০০ টাকা এবং ৩১.১২.২০১৬ তারিখে ১৫,০০০ টাকা, খাদ্য দ্রব্য বাবদ ৫,০০০ টাকা এখনো অপরিশোধিত রয়েছে। (৩) আসবাবপত্রের উপর১০% অবচয় ধার্য কর। পুরাতন আসবাবপত্র বিক্রয় এবং নতুন আসবাবপত্র ক্রয় ১.৭.২০১৬ তারিখে সম্পন্ন হয়। (৪) ব্যয়াতিরিক্ত আয়ের অর্ধাংশ দরিদ্র কল্যাণ তহবিলে স্থানান্তর কর।

ক) খাদ্যদ্রব্য ও পানীয় বাবদ চলতি বৎসরের মুনাফা/ক্ষতির পরিমাণ নির্ণয় কর।
খ) ডিসেম্বর ৩১, ২০১৬ তারিখে সমাপ্ত বছরের জন্য ক্লাবের আয়-ব্যয় বিবরণী প্রস্তুত কর।
গ) বছর শেষে ক্লাবের আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত কর।

উত্তর : (ক) মুনাফা ২২,০০০ টাকা। (খ) ব্যয়াতিরিক্ত আয় ৮৯,৯৭৫ টাকা। (গ) ৩,৮৭,৯৭৫ টাকা।

৪। আমিন ও মতিন একটি অংশীদারি কারবারের দুইজন অংশীদার। তারা ২ ঃ ১ অনুপাতে কারবারের লাভ–লোকসান বন্টন করে। ১ জানুয়ারি ২০১৬ তারিখে তাদের মূলধন হিসাবের উদ্বৃত্ত ছিল যথাক্রমে ২,০০,০০০ টাকা ও ২,৪০,০০০ টাকা। চুক্তি অনুযায়ী সার্বক্ষনিক দায়িত্ব পালনের জন্য মতিন মাসিক ২,০০০ টাকা বেতন পায়। বছরের মাঝামাঝি আমিন ৬০,০০০ টাকা অতিরিক্ত মূলধন স্বরুপ কারবারে আনায়ন করে। ৩০ সেপ্টেম্বর, ২০১৬ তারিখে মতিন ৪০,০০০ টাকা ঋণ স্বরুপ প্রদান করে যার উপর ১২% হারে সুদ প্রদেয়। উক্ত বছরে আমিন কারবার হতে ১৬,০০০ টাকা এবং মতিন ১ সেপ্টেম্বর ২০১৬ তারিখে ১২,০০০ টাকা উত্তোলন করে। অংশীদারগণ মূলধন ও উত্তোলনের উপর ৫% ও ১০% সুদ ধার্য করতে সম্মত হয়। উপরোক্ত সমন্বয়গুলো সাধনের পূর্বে কিন্তু মতিনের বেতন ডেবিট করার পর ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য কারবারের মুনাফা ৭৫,১০০ টকায় উপনীত হয়।

ক) মতিনের ঋণ হিসাব প্রস্তুত কর।
খ) লাভ লোকসান আবন্টন হিসাব তৈরি করে মুনাফার বন্টন দেখাও।
গ) অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত কর।

উত্তর : (ক) ৪১,২০০ টাকা। (খ) মুনাফাংশ ৩৪,৪০০ ও ১৭,২০০ টাকা। (গ) ২,৮৯,১০০ টাকা ও ২,৮০,৮০০ টাকা।

৫। রূাবেরী লিঃ প্রতি শেয়ার মূল্যের ২,০০,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধন নিয়ে নিবন্ধিত হয়। কোম্পানির পরিচালনা পর্ষদ ৮০% শেয়ার ১০% অধিহারে জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্য আই.পি.ও আহবান করে। সর্বমোট ১,৭৫,০০,০০০ শেয়ারের জন্য আবেদন পাওয়া যায়। ইস্যুকৃত সকল শেয়ার যথারীতি বন্টিত হয় এবং অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হয়। শেয়ার ইস্যু প্রক্রিয়ায় সেবা প্রদানের জন্য আইন উপদেষ্টাকে ফি বাবদ ১,০০,০০০ টাকা নগদ পরিশোধ করা হয়। শেয়ার মূলধন আদায়ের জন্য ব্যাংকে সংগৃহিত অর্থের উপর ১% হারে কমিশন পায়।

ক) শেয়ার অধিহার ও ব্যাংক কমিশনের পরিমাণ নির্ণয় কর।
খ) কোম্পানির বইতে শেযার ইস্যু সংক্রান্ত জাবেদা দাখিলা দাও।
গ) কোম্পানির স্থিতিপত্র তৈরি কর।

উত্তর : (ক) ৩,২০,০০০ ও ৩৮,৫০,০০০ টাকা। (খ) জাবেদা ৭৭,৩৯,৫০,০০০ টাকা। (গ) ৩৫,২০,০০,০০০ টাকা।

৬। ২০১৬ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রস্তুতকৃত আদিবা লিমিটেডের উদ্বর্তপত্র নিচে দেয়া হল

আদিবা লিমিটেড
উদ্বর্তপত্র
৩১ ডিসেম্বর, ২০১৬

দায়সমূহ	টাকা	সম্পত্তিসমূহ	টাকা
প্রদেয় নোটস	১,০০,০০০	ব্যাংকে জমা	১,৫০,০০০
প্রদেয় হিসাবসমূহ	৩,০০,০০০	মজুদ পণ্য	৩,০০,০০০
১০% ঋণপত্র	৪,০০,০০০	প্রাপ্য হিসাবসমূহ	৩,৫০,০০০
আয় বিবরণী	৪,০০,০০০	আসবাবপত্র	২,০০,০০০
শেয়ার মূলধন	১২,০০,০০০	ভূমি ও দালান কোঠা	১৪,০০,০০০
	২৪,০০,০০০		২৪,০০,০০০

বৎসরে মোট বিক্রয়ের পরিমাণ ছিল ৪০,০০,০০০ টাকা।

ক) কার্যকরী মূলধন নির্ণয় কর।

খ) চলতি অনুপাত ও দেনাদার আবর্তন অনুপাত নির্ণয় কর।

গ) দায় মালিকানা অনুপাত ও মূলধন আবর্তন অনুপাত নির্ণয় কর।

উত্তর : (ক) ৪,০০,০০০ টাকা। (খ) ২ ঃ ১ ও ১১.৪৩ বার। (গ) ০.৫০ ঃ ১ ও ২ বার।

৭। নিঝুম কোম্পানির লিঃ এর ২০১৬ সালের উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপঃ

বিবরণ	টাকা
তৈরি পণ্যের মজুদ (১.১.২০১৬) ৫,০০০ একক	২৫,০০০
ব্যবহৃত কাঁচামাল	১,২৫,০০০
মজুরি	৮৫,০০০
কারখানা উপরিব্যয়	৩০,০০০
প্রশাসনিক উপরিব্যয়	৪৮,০০০
বিক্রয় ও বিতরণ খরচ একক প্রতি ২ টাকা	

২০,০০০ একক পণ্য বিক্রয় করা হয়। মুনাফা বিক্রয়ের উপর ২০% । তৈরি দ্রব্যের সমাপনি মজুদ (৩১.১২.২০১৬) ৯,০০০ একক।

ক) উৎপাদিত পণ্যের একক নির্ণয় কর।

খ) বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় কর।

গ) আয় বিবরণী প্রস্তুত করে নিট লাভ বা লোকসান দেখাও।

উত্তর : (ক) ২৪,০০০ একক (খ) ১,৭৫,০০০ টাকা। (গ) নিটলাভ ৬৫,৭৫০ টাকা।

৮। সুনন্দা ম্যানুফ্যাকচারিং কোং থেকে নিম্নোক্ত তথ্যাদি সরবরাহ করা হয়ঃ

একক প্রতি পরিবর্তনশীল ব্যয় = ৫৪ টাকা

একক প্রতি বিক্রয় মূল্য = ৮১ টাকা

মোট স্থায়ী ব্যয় = ৪,৩২,০০০ টাকা

ক) সমচ্ছেদ বিক্রয়ের পরিমাণ এককে নির্নয় কর।

খ) সমচ্ছেদ বিন্দু (টাকা) ও কন্ট্রিবিউশন মার্জিন অনুপাত নির্নয় কর।

গ) কর পূর্ব আয় ১,০৮,০০০ টাকা অর্জন করতে কত একক দ্রব্য বিক্রি করতে হবে এবং ২০,০০০ একক বিক্রয় করলে মুনাফা কত হবে?

উত্তর : (ক) ১৬,০০০ একক (খ) ১২,৯৬,০০০ টাকা ও ৩৩.৩৩% (গ) ২০,০০০ একক ও মুনাফা ১,০৮,০০০ টাকা।

৯। একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের ২০১৭ সালের জানুয়ারি মাসে দুটি কার্যস্তরে সংঘটিত ব্যয়সমূহ নিম্নে দেওয়া হলো-

উৎপাদন স্তর	৬০%	১০০%
উৎপাদন একক	৯০০	১,৫০০
পরোক্ষ মজুরি	১৮,০০০ টাকা	৩০,০০০ টাকা
কাঁচামাল	১৩,৫০০ টাকা	২২,৫০০ টাকা
রক্ষণাবেক্ষণ ব্যয়	১৬,৫০০ টাকা	২২,৫০০ টাকা
জ্বালানি ও শক্তি খরচ	২৪,০০০ টাকা	৩০,০০০ টাকা
অবচয় ব্যয়	৪০,০০০ টাকা	৪০,০০০ টাকা

ক) রক্ষনাবেক্ষণ ব্যয় স্থায়ী, পরিবর্তনশীল নাকি আধা পরিবর্তনশীল তা কারণসহ উল্লেখ কর।

খ) আধা পরিবর্তনশীল ব্যয়, পরিবর্তনশীল ব্যয় ও স্থায়ী ব্যয় পৃথক কর।

গ) ১০০% উৎপাদন স্তরে মোট পরিবর্তনশীল ব্যয় এবং মোট স্থায়ী ব্যয়ের পরিমাণ নির্ণয় কর।

উত্তর : (গ) ৮২,৫০০ টাকা ও ৬২,৫০০ টাকা।

১০। প্রাপ্তি লিমিটেড একটি উৎপাদনকারী প্রতিষ্ঠান। ২০১৭ সালের জানুয়ারি মাসে তাদের কাঁচামালের প্রাপ্তি ও নির্গমন নিচে দেওয়া হলঃ

২০১৭
জানুয়ারি

"	১	প্রারম্ভিক উদ্বৃত্ত ৭০০ একক প্রতি একক ৫০ টাকা হারে।
"	৬	ক্রয় ১,০০০ একক প্রতি একক ৫২ টাকা হারে।
"	১০	ইস্যু ১২০০ একক
"	১৬	ইস্যু ২০০ একক
"	২০	ক্রয় ৮০০ একক ৬০ টাকা হারে।
"	২৪	ইস্যু ৯০০ একক
"	২৬	ক্রয় ৪০০ একক ৫৮ টাকা হারে
"	২৮	২৪ জানুয়ারিতে ইস্যুকৃত ৩০০ একক মাল ফেরত আসে।
"	৩০	২৬ জানুয়ারি ক্রয়কৃত মালের এক চতুর্থাংশ সরবরাহকারীকে ফেরত দেয়া হয়।

ক) জানুয়ারি মাসের নিট মাল ক্রয়ের পরিমাণ নির্ণয় কর।
খ) জানুয়ারি মাসে ইস্যুকৃত মালের নিট পরিমাণ (একক) ও সমাপনি মজুদের পরিমাণ(একক) নির্ণয় কর।
গ) FIFO পদ্ধতিতে ১ জানুয়ারি থেকে ১৬ জানুয়ারি, ২০১৭ পর্যন্ত লেনদেনগুলো দ্বারা মাল খতিয়ান প্রস্তুত কর।

উত্তর : (ক) ২,১০০ একক, মূল্য ১,১৭,৪০০ টাকা। (খ) ২,০০০ একক ও ৮০০ একক (গ) সমাপনি মজুদ ৩০০ একক, মূল্য ১৫,৬০০ টাকা।

১১। ২০১৬ সালের ১ জানুয়ারি তারিখে পূর্ণ লিমিটেড এর নগদ উদ্বৃত্ত ছিল ২,১০,০০০ টাকা। বছরের অন্যান্য তথ্যাবলি নিম্নে দেওয়া হলঃ

বিবরণ	টাকা
সাধারণ শেয়ার বিক্রয় বাবদ প্রাপ্তি	৭,০০,০০০
লভ্যাংশ প্রদান	৮০,০০০
সুনামের অবলোপন	৩০,০০০
দীর্ঘমেয়াদী সঞ্চয়পত্র ক্রয়	৮,০০,০০০
নিট আয়	১,৫০,০০০
সরঞ্জাম বিক্রয় বাবদ নগদ প্রাপ্তি	৪,৫০,০০০
সরঞ্জাম বিক্রয় বাবদ মুনাফা	৩০,০০০
প্রাপ্য হিসাব বৃদ্ধি	১,২০,০০০
প্রদেয় হিসাব হ্রাস	১,০০,০০০
অবচয় খরচ	৫০,০০০
অনাদায়ী পাওনা সঞ্চিতি বৃদ্ধি	৫,০০০
১২% ঋণপত্র ইস্যুর মাধ্যমে দালান ক্রয়	৫,০০,০০০

ক) অনগদ লেনদেনের মোট পরিমাণ নির্ণয় কর।
খ) পরোক্ষ পদ্ধতিতে পরিচালন কার্যক্রম হতে নগদ প্রবাহ নির্ণয় কর।
গ) নগদ প্রবাহ বিবরণী প্রস্তুত করে নগদ তহবিলের সমাপনি উদ্বৃত্ত নির্ণয় কর।

উত্তর : (ক) ৮০,০০০ টাকা। (খ) নিট নগদ ব্যবহার ১৫,০০০ টাকা। (গ) নিট নগদ বৃদ্ধি ২,৫৫,০০০ টাকা।

বিষয় ঃ হিসাববিজ্ঞান ২য় পত্র

বিষয় কোড | ২ | ৫ | ৪

বহুনির্বাচনি অভিক্ষা

সময় ঃ ৩০ মিনিট পূর্ণমান—৩০

[বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১]

১। ব্যবসায় প্রতিষ্ঠানের যে কোন দিন বা সময়ে মজুত পণ্যের পরিমাণ জানা যায় কোন মজুত পদ্ধতিতে?
(ক) কালান্তিক মজুত পদ্ধতিতে (খ) বাৎসরিক হিসাব পদ্ধতিতে (গ) নিত্য মজুত পদ্ধতিতে (ঘ) মজুদ পণ্য নির্ণয় পদ্ধতিতে

২। বিন কার্ড থেকে কি জানা যায় না?
(ক) মজুত মালের মূল্য (খ) মজুত মালের পরিমাণ (গ) মজুত মালের প্রাপ্তি (ঘ) মজুত মালের নির্গমন

৩। আচরনভিত্তিক ব্যয় হচ্ছে–
(ক) পরিবর্তনশীল ব্যয় (খ) পরোক্ষ ব্যয় (গ) মূলধনী ব্যয় (ঘ) কালীন ব্যয়

৪। বিক্রয়ের পরিমাণ ২,৮০,০০০ টাকা ও মুনাফার পরিমাণ ৩৫,০০০ টাকা হলে বিক্রয়ের উপর মুনাফার শতকরা হার কত?
(ক) ১০% (খ) ১২.৫০% (গ) ১৪.৫০% (ঘ) ২০%

৫। ১০ ইউনিটের উৎপাদন ব্যয় ২০০ টাকা যদি কোম্পানি বিক্রয় মূল্যের উপর ২০% মুনাফা আশা করে তাহলে প্রতি ইউনিটের বিক্রয় মূল্য কত ?
(ক) ২৫ (খ) ৩০ (গ) ৩৫ (ঘ) ৪৬.৫০

৬। নিচের কোনটি বিবেচনার মাধ্যমে বাজেটিং কার্য শুরু হয় ?
(ক) বিক্রয় পূর্বভাস (খ) পণ্যের মূল্য (গ) ব্যবস্থাপনার দক্ষতা (ঘ) মালিকের ইচ্ছে

৭। একটি সমচ্ছেদ চিত্রে নিচের কোন বিন্দুতে একটি ব্যবসায়ের সম-আয়-ব্যয় হয় ?
(ক) যেখানে পরিবর্তনশীল ব্যয় রেখা, স্থায়ী ব্যয় রেখাকে ছেদ করে (খ) যেখানে স্থায়ী ব্যয় রেখা, বিক্রয় রেখাকে ছেদ করে
(গ) যেখানে মোট ব্যয় রেখা, স্থায়ী ব্যয় রেখাকে ছেদ করে (ঘ) যেখানে বিক্রয় রেখা, মোট ব্যয় রেখাকে ছেদ করে

নিচের উদ্দীপকটি পড় এবং ৮ ও ৯ নং প্রশ্নের উত্তর দাও : বাংলা লিমিটেড প্রতি শেয়ার ২টাকা অধিহারসহ ১২ টাকা করে ২০,০০০ শেয়ার জনসাধারণের নিকট বিক্রয়ের উদ্দেশ্যে ইস্যু করে। মোট ১০,০০০ শেয়ারে আবেদন পাওয়া গেল এবং যথারীতি বন্টিত হল।

(ক) ১,০০,০০০ টাকা (খ)১,১৮,০০০ টাকা (গ) ১,২০,০০০ টাকা (ঘ) ২,০০,০০০ টাকা

৯। কোম্পানির মালিকানা স্বত্বের পরিমাণ কত টাকা হবে?
(ক) ১,০০,০০০ (খ) ১,২০,০০০ (গ) ২,০০,০০০ (ঘ) ২,৪০,০০০

১০। ডাক্তার, ইঞ্জিনিয়ার, আইনজীবী প্রভৃতি পেশাজীবীদের প্রতিষ্ঠান কোন ধরনের প্রতিষ্ঠানের উদাহরণ ?
(ক) মুনাফাভোগী অব্যবসায়ী (খ) মুনাফাভোগী ব্যবসায়ী (গ) অমুনাফাভোগী অব্যবসায়ী (ঘ) অমুনাফাভোগী ব্যবসায়ী

১১। প্রাপ্তি ও প্রদান হিসাবে মজুরি বাবদ প্রদান ৫০,০০০ টাকা, যার মধ্যে অগ্রিম মজুরি ২,০০০ টাকা। বছর শেষে মোট মজুরির ১/৫ অংশ বকেয়া থাকলে সংশ্লিষ্ট মোট মজুরি ও বকেয়া মজুরির পরিমাণ হবে--
(ক) ৫০,০০০ ও ১০,০০০ (খ) ৫০,০০০ ও ১২,৫০০ (গ) ৬০,০০০ ও ১০,০০০ (ঘ) ৬০,০০০ ও ১২,০০০

১২। অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধন জাতীয় আয়সমূহ হিসাবভুক্ত হয়---
i) প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট পার্শ্বে ii) আয়-ব্যয় হিসাবের ক্রেডিট পার্শ্বে iii) উদ্বর্তপত্রের দায়ের পার্শ্বে **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৩। কোন ব্যবসার আইনগত পৃথক ও স্বাধীন সত্তা নেই ?
(ক) কোম্পানি (খ) সমবায় (গ) রাষ্ট্রীয় কারবার (ঘ) অংশীদারি

১৪। ক, খ ও গ একটি অংশীদারি ব্যবসায়ের তিনজন অংশীদার। তাদের লাভ-ক্ষতি বন্টনের অনুপাত ৫ ঃ ৩ ঃ ১। ব্যবসায়ের মুনাফা ১,৬২,০০০ টাকা হলে খ এর প্রাপ্য মুনাফার পরিমাণ কত ?
(ক) ১৮,০০০ টাকা (খ) ২০,০০০ টাকা (গ) ৫২,০০০ টাকা (ঘ) ৫৪,০০০ টাকা

১৫। আসাদ একটি অংশীদারি কারবারের অংশীদার। তিনি মূলধন ছাড়াও ৪০,০০০ টাকা ঋণ সরবরাহ করেন। উক্ত ঋণকে যদি চক্রবৃদ্ধি হারের ঋণ ধরা হয়তাহলে উক্ত ঋণের উপর সুদ দেখাতে হবে---
i) লাভ-লোকসান হিসাবের ডেবিট পার্শ্বে ii) সংশ্লিষ্ট অংশীদারের মূলধন হিসাবের ক্রেডিট পার্শ্বে
iii) সংশ্লিষ্ট অংশীদারের ঋণ হিসাবের ক্রেডিট পার্শ্বে **নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৬। অর্থায়ন কার্যক্রমে অন্তর্ভুক্ত হচ্ছে ---
(ক) অবচয় (খ) জমি ক্রয় (গ) শেয়ার ইস্যু (ঘ) প্রাপ্য হিসাব বৃদ্ধি

নিচের উদ্দীপকটি পড় এবং ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও : একটি কোম্পানির লেনদেনসমূহ হলো স্থায়ী সম্পত্তি বিক্রয় ৫,০০,০০০ টাকা। প্রাপ্য হিসাবের নিকট থেকে আদায় ২,২০,০০০ টাকা। শেয়ার ইস্যু ৩,০০,০০০ টাকানগদে পণ্য ক্রয় ১,০০,০০০ টাকা।

১৭। কোম্পানিতে নগদ আগমন সংক্রান্ত লেনদেনসমূহ হচ্ছে ---

i) স্থায়ী সম্পত্তি বিক্রয় ii) মজুদ পণ্য ক্রয় iii) শেয়ার ইস্যু **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮। কোম্পানিতে নিট নগদ প্রবাহ কত টাকা হবে ?

(ক) ৭,০০,০০০ টাকা (খ) ৮,০০,০০০ টাকা (গ) ৮,৫০,০০০ টাকা (ঘ) ৯,২০,০০০ টাকা

১৯। চৌধুরী লিমিটেডের প্রতি শেয়ার ১০ টাকা করে ৫,০০০ শেয়ার ইস্যু করল। ৬,০০০ শেয়ারের আবেদানপত্র পাওয়া গেল। অতিরিক্ত আবেদনের অর্থ ফেরত দেয়া হলে জাবেদা হবে---

i) ব্যাংক হিসাব ক্রেডিট ১০,০০০ টাকা ii) শেয়ার আবেদন হিসাব ডেবিট ১০,০০০ টাকা

iii) শেয়ার মূলধন হিসাব ডেবিট ১০,০০০ টাকা **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২০। বিলম্বিত মুনাফাজাতীয় ব্যয়কে দেখানো হয়---

(ক) ব্যয় হিসেবে
(খ) আয়ের ক্ষতি হিসেবে
(গ) আর্থিক অবস্থার বিবরণীতে স্থায়ী সম্পদের মধ্যে
(ঘ) আর্থিক অবস্থার বিবরণীতে অসমম্বিত ব্যয়ের মধ্যে

২১। পাবলিক লিমিটেড কোম্পানির মূলধন কাঠামো বলতে বুঝায়---

i) শেয়ার মূলধন ii) ঋণপত্র iii) সংরক্ষিত মুনাফা **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২২ ও ২৩ নং প্রশ্নের উত্তর দাও : দিপ্তি লিমিটেডের রেওয়ামিলে সুনাম ১,০০,০০০ টাকা, শেয়ার অধিহার ৮০,০০০ টাকা আছে। সমস্বয়ে বলেছে শেয়ার অধিহার সুনামের সাথে সমস্বয়পূর্বক অবলোপন করতে হবে।

২২। আর্থিক বিবরণীতে এর প্রভাব কি হবে ?

(ক) স্থায়ী সম্পদ ৮০,০০০ টাকা বাড়বে
(খ) চলতি সম্পদ ৮০,০০০ টাকা কমবে
(গ) দীর্ঘমেয়াদি দায় ৮০,০০০ টাকা কমবে
(ঘ) সঞ্চিতি ৮০,০০০ টাকা কমবে

২৩। সুনামের টাকা শেয়ার অধিহার দিয়ে অবলোপন করার পর সুনামের অবশিষ্টাংশ চলতি বছরের মুনাফা দ্বারা অবলোপান করলে-

i) পরোক্ষ ব্যয় ১০,০০০ টাকা বৃদ্ধি পাবে
ii) নিটলাভ ২০,০০০ টাকা কমবে
iii) অস্পর্শনীয় সম্পদ ২০,০০০ টাকা কমবে
নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৪। নিচের কোনটি চলতি সম্পদ ?

(ক) প্রাপ্য নোট (খ) শেয়ার অবহার (গ) ট্রেডমার্কস (ঘ) সুনাম

২৫। অনুপাত বলতে বুঝায় ?

(ক) দুইটি আর্থিক সংখ্যার গুণফল
(খ) দুইটি আর্থিক সংখ্যার যোগফল
(গ) দুইটি আর্থিক সংখ্যার বিয়োগফল
(ঘ) দুইটি আর্থিক সংখ্যার তুলনামূলক সম্পর্ক

২৬। চলতি দায় হলো --

i) আয়কর সঞ্চিতি ii) সাধারণ সঞ্চিতি iii) প্রদেয় ব্যয় **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৭। রুপালী লিমিটেডির কাঁচামালে প্রারম্ভিক মজুদ পণ্য ১৩,০০০ টাকা, কাঁচামাল ক্রয় ৬০,০০০ টাকাএবং সমাপনি কাঁচামালের মজুদ পণ্য ৩,০০০ টাকা হলে কারখানায় ব্যবহৃত কাঁচামলের মূল্য কত ?

(ক) ৪০,০০০ টাকা (খ) ৫০,০০০ টাকা (গ) ৫৬,০০০ টাকা (ঘ) ৭০,০০০ টাকা

২৬। শ্যমিক ও কর্মচারীদের মজুরি নির্ণয়ের পদ্ধতি হলো --

i) ঘন্টা হার ii) মিশ্র হার iii) কার্য হার **নিচের কোনটি সঠিক?**

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড় এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও : বিশ্বাস ট্রেডার্স এর ২০১৬ সালের ৩০ জুন তারিখে স্থায়ী ব্যয় ২০,০০০ টাকা, একক প্রতি বিক্রয়মূল্য ১৫ টাকা, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ৫ টাকা এবং উৎপাদন ও বিক্রয়ের পরিমাণ ৪,০০০ একক।

২৯। একক প্রতি স্থায়ী ব্যয় কত টাকা ?

(ক) ৫ টাকা (খ) ১০ টাকা (গ) ১৫ টাকা (ঘ) ২০ টাকা

৩০। একক প্রতি বিক্রয়মূল্য ২০% বৃদ্ধি পেলে এবং পরিবর্তনশীল ব্যয় একক প্রতি ২ টাকা বৃদ্ধি পেলে মোট লাভে কি পরিমাণ টাকা হ্রাস বা বৃদ্ধি ঘটবে ?

(ক) ২৪,০০০ টাকা হ্রাস (খ) ২০,০০০ টাকা বৃদ্ধি (গ) ১২,০০০ টাকা হ্রাস (ঘ) ৪,০০০ টাকা বৃদ্ধি

উত্তরপত্র

১। গ	২। ক	৩। ক	৪। খ	৫। ক	৬। ক	৭। ঘ	৮। ক	৯। খ	১০। ক	১১। ঘ	১২। খ	১৩। ঘ	১৪। ঘ	১৫। খ
১৬। গ	১৭। খ	১৮। ঘ	১৯। ক	২০। ঘ	২১। ঘ	২২। ঘ	২৩। গ	২৪। ক	২৫। ঘ	২৬। খ	২৭। ঘ	২৮। খ	২৯। ক	৩০। ঘ